

এখন আমি স্বেচ্ছাচারী

অনেক কাল তো ঘুমিয়েছিলাম ছায়ার মধ্যে স্বপ্নবিহীন  
হাজার দুয়ার ঘর দেখি নি একটি ঘরেই রাহাজানি  
ভাবছ বুঝি এই অবরোধ চিরটাকাল রাখা যাবে  
এখন আমি বাইরে যাব এখন আমার পদধবনি

তুমি আমায় কেবল দেখাও টুরিস্ট-ব্যুরোর দেওয়াল-ছবি  
টেলিগ্রাফের তারের ফাঁকে সিমলা পাহাড় খাজুরাহো  
চোখের সামনে পুরীর সাগর হৃদয়পুরের জটিল সিঁড়ি  
আঙুল ছুঁলেই অমনি তুমি বুকের মধ্যে গোপন দাহ

ফিরে এলাম বীজ পেরিয়ে স্টেশন জটিল অন্ধকারে  
তোমার হাতে হাত মেলালাম আমার পতন নিয়মমতো  
ট্রেন ছেড়ে যায় চোখের মাঝে সিঁদুররাঙা বাটিক শাড়ি  
কেমন যেন জড়িয়ে থাকো না জানা এক মোহের মতো

তুমি আমায় চাঁদ দেখালে গরাদ দেওয়া জানলা দিয়ে  
ইলেকট্রিকের তারের ফাঁকে আটকে পড়া কোজাগরী  
তুমি আমায় লোভ দেখালে আলোর নদীর স্বাদ জাগালে  
এখন আমি কোথায় যাব এখন আমি স্বেচ্ছাচারী।

সুমন বন্দ্যোপাধ্যায়

